দৈনিক ইনকিলাব

তারিখ ...25 FEB 1997... ...
পৃষ্ঠা ৬ কলাম ৪

আলোচনা ও ম...

## শিক্ষামন্ত্রীর সাথে বাংলা... শিক্ষক সমিতি ফেডারেশন প্রতিনিধিদলের বৈঠক

গত রবিবার বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের এক প্রতিনিধিদল সংগঠনের চেয়ারম্যান শেখ আমানুল্লাহ ও মহাসচিব প্রিন্সিপাল কাজী ফারুক আহমেদের নেতৃত্বে শিক্ষাসচিব আব্দুল্লাহ হারুন পাশার সংগে এক বৈঠকে মিলিত হন। গত ১৫ ফেব্রুয়ারী শিক্ষামন্ত্রী এএসএইচকে সাদেকের সাথে ফেডারেশনের প্রতিনিধি দলের সংগে দীর্ঘ আলোচনা সভায় প্রদত্ত প্রতিশ্রুতি ও গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন ত্বরান্বিত করার পদ্ধতি সম্পর্কে তারা আলোচনা ও মতবিনিময় করেন।

শিক্ষক নেতৃবৃন্দ শিক্ষার মানোন্নয়নকল্পে স্কুল ও কলেজ শিক্ষকদের ইংরেজী, বিজ্ঞান ও গণিত বিষয় ভিত্তিক প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণে এবং সম্ভাব্য সংশোধিত নতুন জাতীয় বেতন স্কেলে বেসরকারী শিক্ষকদের স্বয়ংক্রিয়ভাবে অন্তর্ভুক্ত করা হবে বলে শিক্ষামন্ত্রী প্রদত্ত প্রতিশ্রুতির জন্য শিক্ষামন্ত্রী ও শিক্ষ সচিবকে ধন্যবাদ জানান। তাঁরা অবিলম্বে জনবল কাঠামো সংশোধন, ট্রাস্ট ও অবসর প্রকল্প চালু, বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানে প্রয়োজনীয় পদসৃষ্টি, শূন্য পদে নিয়োগ দান, শাখা স্থাপন, টাইম স্কেল ও স্কেল পরিবর্তন স্থগিতাদেশ প্রত্যাহার, নতুন প্রতিষ্ঠানের শিক্ষকদের ক্ষেত্রে চেকলিস্ট প্রথা স্থগিত ইত্যাদি জরুরী বিষয়গুলো অবিলম্বে বাস্তবায়নের উপর গুরুত্ব আরোপ করেন। নেতৃবৃন্দ বেসরকারী কলেজে সহযোগী অধ্যাপক ও অধ্যাপকের পদ সৃষ্টিসহ অভিজ্ঞ অধ্যক্ষ, উপাধ্যক্ষ, প্রধান শিক্ষক ও সহকারী প্রধান শিক্ষকদের যথাক্রমে ৭৮০০/-, ৭১০০/- ৪৮০০/ ও ৪১০০/- টাকা স্কেল প্রদানের ব্যপারে শিক্ষা সচিব মহোদয়ের হস্তক্ষেপ কামনা করেন।

তারা মাননীয় শিক্ষা সচিব মহোদয়ের নিকট ১৯৯৫ সালে এসএসসি ও এইচএসসি পরীক্ষায় ছাত্র প্রেরণজনিত কারণে যশোর, কুমিল্লা ও ঢাকা বোর্ডের অধীন ৮৩ জন অধ্যক্ষ ও প্রায় ১০০০ প্রধান শিক্ষকের বন্ধ বেতন বকেয়াসহ ছাড় এবং তাদের বিরুদ্ধে, গৃহীত বিভাগীয় ব্যবস্থা প্রত্যাহার করার এবং সেট কোড ভুল লেখার কারণে ১৬৮০ জন শিক্ষকের বিরুদ্ধে গৃহীত শাস্তিমূলক ব্যবস্থা পুনর্বিবেচনার দাবী জানান। এছাড়া হিন্দু, বৌদ্ধ ও খৃষ্টান ধর্মের শিক্ষকদের সুনির্দিষ্ট স্কেল প্রদান, প্রতিষ্ঠানে ২য় কামিল শিক্ষকের সিনিয়র স্কেল প্রদান এবং পূর্বে নিযুক্ত ৩য় শ্রেণীর কামিলদের বেতন কর্তন না করার অনুরোধ জানান। ফেডারেশনের প্রতিনিধি দলে ছিলেন বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের চেয়ারম্যান শেখ আমানুল্লাহ ও সেক্রেটারী জেনারেল প্রিন্সিপাল কাজী ফারুক আহমেদ এবং ফেডারেশনের অন্তর্ভুক্ত বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির সভাপতি প্রিন্সিপাল একেএম জহিরুল ইসলাম, বাংলাদেশ সরকারী কলেজ শিক্ষক পরিষদের সভাপতি অধ্যাপক আলী আকবর খান, বাংলাদেশ সরকারী মাধ্যমিক শিক্ষক সমিতির মহাসচিব মোঃ তোহা ও বাংলাদেশ শিক্ষক সমিতির সিনিয়র সহ-সভাপতি মোঃ শহীদুল্লাহ। খবর বিজ্ঞপ্তি।